

শিক্ষা বিষয়ে সিটি ভার্সিটির সেমিনার

যুগান্তর রিপোর্ট

একবিংশ শতাব্দীর শিক্ষা প্রতিষ্ঠান' শীর্ষক এক সেমিনারে বক্তারা বলেছেন, শিক্ষা ব্যবস্থাকে দ্রুত পরিবর্তনশীল সমাজের উপযোগী হতে হবে। নতুন নতুন বিষয়-শিক্ষাদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তবে বেসরকারি এই শিক্ষা প্রতিষ্ঠানগুলো ব্যবসায়িক স্বার্থে নয়, সেবামূলক মনোভাব নিয়ে পরিচালিত হওয়া উচিত। সিটি ইউনিভার্সিটির উদ্যোগে গতকাল ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির মিলনায়তনে অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন সেক্টর ফর রিসার্চ ডেভেলপমেন্টের সভাপতি ড. মিজানুর রহমান শেলী। বক্তা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম. শামসুল ইসলাম, বিশ্ববিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি আনোয়ার হোসেন, আমেরিকান ইন্সটিটিউট অব বাংলাদেশ স্টাডিজের চেয়ারম্যান ড. সাদ্দুর রহমান, ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটির অধ্যাপক ড. স্টিভেন পোলাস, শিকাগো ইউনিভার্সিটির অধ্যাপক ক্রিস্টিন সিলি, ওয়েস্ট ফরেস্ট ইউনিভার্সিটির অধ্যাপক চার্লস এইচ কেনেডি এবং মোঃ হোসাইন খালেদ প্রমুখ। শিল্পপতি আনোয়ার হোসেন, সিটি বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে বলে জানান।